শুভেচ্ছা

জন্মদিন

☺ **আদরের আরাধ্যামণি,** ৫ম বর্ষ জন্মদিনে আমাদের আশীর্বাদ ও ভালোবাসা জানাচ্ছি। সুস্থ ও দীর্ঘ জীবন কামনা করে – **দাদা-মানিক বকসী, নাম্মা, মা, বাবা,** মদনমোহনপাড়া, দিনহাটা।

☺ **অলিভার ঃ** তোমার দশম জন্মদিনে আশীর্বাদ ও শুভেচ্ছা রইল। **আত্মীয়পরিজন ও মা, বাবা,** বোর্ডিংপাড়া, দিনহাটা।

কোয়ার্টারে উঠল মুম্বই, অন্ধ্রপ্রদেশ

চেন্নাই, ১২ ফেব্রুয়ারি ঃ সদ্যসমাপ্ত অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ তাঁর নেতৃত্বেই ঘরে তুলেছে ভারত। সেই সাফল্যের রেশের মাঝেই চলতি বিজয় হাজারে ট্রফিতে মুম্বইকে কোয়ার্টার ফাইনালে তুললেন উঠতি তারকা পৃথ্বী শা। সোমবার তারা ৪ উইকেটে গোয়াকে হারিয়েছে। অন্যদিকে, শক্তিশালী গুজরাটকে ৯ উইকেটে হারিয়ে শেষ আটের টিকিট নিশ্চিত করেছে অন্ধ্রপ্রদেশও।

এদিন টসে হেরে ব্যাটিং করতে নেমে স্বপ্নিল আসনোদকার (৫৬), সুয়াস প্রভুদেশাইদের (৫৬) দাপটে ৫০ ওভারে ৮ উইকেটে ২৬৬ রানের সম্মানজনক স্কোরে পৌঁছায় গোয়া। তাদের যোগ্য সংগত করেন স্নেহাল কাউথানকার (৪৮) ও দর্শন মিসাল (৩৪)। ধ্রুমিল মাতকার ৪৯ রানে ৩ উইকেট নিলেও বাকিদের থেকে খুব একটা সাহায্য পাননি। জবাবে শুরুটা ভালো না হলেও জয় বিস্তা (৪৪) ও পৃথ্বী শার (৫৩) ৭৪ রানের পার্টনারশিপ মুম্বইকে ম্যাচে ফেরায়। সূর্যকুমার যাদব (৭১) ও আদিত্য তারেও (৫৯) উল্লেখযোগ্য ভূমিকা রাখেন। যার ফলে ২১ বল হাতে রেখে ৬ উইকেটে ২৬৭ রান তুলে নেয় মুম্বই। অন্যদিকে, রুজুল ভাট (৭৪), পীযূষ চাওলাদের (৫৬) ব্যাটে ভর করে ৫০ ওভারে ২৫০ রান তুলেছিল গুজরাট। শ্রীকর ভারত ও অশ্বীন হেব্বারের ১৯২ রানের ওপেনিং পার্টনারশিপ গুজরাটের সমস্ত আশা শেষ করে দেয়। ভারত ১০৬ রানের দুর্দান্ত ইনিংস খেলে অপরাজিত থাকলেও নিশ্চিত শতরান হাতছাড়া করেন অশ্বীন (৯৯)। ৩৯ রানের অপরাজিত ইনিংসে বাকি কাজটা সারেন অধিনায়ক হনুমা বিহারী। যার ফলে ২৮ বল বাকি থাকতেই ১ উইকেটে জয়ের লক্ষ্যে পৌঁছে যায় অন্ধ্রপ্রদেশ।

বর্ণবৈষম্যের অভিযোগ তাহিরের

জোহানেসবার্গ, ১২ ফেব্রুয়ারি ঃ বর্ণবৈষম্যের ছায়া চলতি ভারত-দক্ষিণ আফ্রিকা ওয়ান ডে সিরিজে। অভিযোগের কেন্দ্রে দক্ষিণ আফ্রিকার লেগস্পিনার ইমরান তাহির। পাক বংশোদ্ভূত এই লেগস্পিনার জোহানেসবার্গে বৃষ্টি বিঘ্নিত চতুর্থ ওয়ান ডে-র প্রোটিয়াজ দলে জায়গা পাননি। সতীর্থদের সঙ্গে মাঠের ধারে বসেছিলেন তিনি। তখনই গ্যালারি থেকে তাঁর বিরুদ্ধে বর্ণবৈষম্যর মন্তব্য উড়ে আসে। তাঁকে পরিকল্পনা করে উত্যক্ত করা হয়েছিল বলে অভিযোগ। দ্রুত স্থানীয় পুলিশের সাহায্য নিয়ে গ্যালারিতে হাজির হয়ে ইমরান তাহির সংশ্লিষ্ট সেই ব্যক্তিকে শনাক্ত করেন। তাঁকে মাঠ থেকে বের করে দেওয়া হয়। কিন্তু ঘটনা এখানেই শেষ নয়। দক্ষিণ আফ্রিকার পাকজাত লেগস্পিনার পুরো ঘটনায় এতটাই ক্ষুব্ধ ও উত্তেজিত যে, স্থানীয় পুলিশে অভিযোগ জানানোর পাশাপাশি পুরো ঘটনা লিখিতভাবে তিনি ক্রিকেট দক্ষিণ আফ্রিকার কাছে জমা দিয়েছেন। ম্যান্ডেলার দেশের ক্রিকেট বোর্ড আলাদাভাবে ঘটনার তদন্ত শুরু করেছে বলে খবর। দক্ষিণ আফ্রিকা দলের ম্যানেজার এক প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, 'অভিযোগ গুরুতর। খেলার মাঠে কখনই এমন ঘটনা হওয়া উচিত নয়। ক্রিকেট দক্ষিণ আফ্রিকা জোহানেসবার্গ পুলিশকে সঙ্গে নিয়ে ঘটনার তদন্ত করছে।' জানা গিয়েছে, গ্যালারির সংশ্লিষ্ট সেই দর্শকের (ভারতীয় বংশোদ্ভূত বলে অভিযোগ) দক্ষিণ আফ্রিকার সমস্ত স্টেডিয়ামে প্রবেশের উপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

লিগ টেবিলের শেষ দলের কাছেও হার

চ্যাম্পিয়নশিপ থেকে ছিটকে গেল বাগান

মোহনবাগান-১ (ডিকা) | **গোকুলাম এফসি-২ (মাহমুদ আল আজম, হেনরি)**

সুস্মিতা গঙ্গোপাধ্যায় ● কলকাতা

১২ ফেব্রুয়ারি ঃ সঞ্জয় সেন আই লিগে সাত ম্যাচের পরেই পদত্যাগ করেন। কারণ চেন্নাই সিটি এফসির বিরুদ্ধে ঘরের মাঠে হার। সাড়ে তিন মরশুম কোচিংয়ের পর একটা হারেই এমন পরিবেশ তৈরি করা হল যে তিনি বাধ্য হয়ে দায়িত্ব ছাড়েন। কর্তারা ঘুরিয়ে বলে দিলেন, অসুস্থতার জন্য চেতলা নিবাসী নাকি ভাবনাচিন্তা করতে পারছিলেন না ঠিকঠাক। তাই তার অব্যাহতি নেওয়া দরকার হয়ে পড়ছিল। কিন্তু তারপর? মিনার্ভার কাছে হারের না হয় অজুহাত আছে যে তারা এখনও পর্যন্ত সেরা দল হিসেবে নিজেদের তুলে ধরতে পেরেছে। কিন্তু গোকুলাম এফসির মতো দল যারা লিগ তালিকার একেবারে শেষে আছে, তাদের কাছে ঘরের মাঠে হারের কী অজুহাত দেবেন সঞ্জয় সেনের একদা সহকারী? শুধু তাই নয়, গোকুলামের এই দলটা এমনিতেই তরুণ ফুটবলারে ভরতি, তার সঙ্গে সম্পূর্ণ নতুন বিদেশি এসে পার্থক্য গড়ে দিয়ে চলে গেলেন। তার কাছে এদিনের ১-২ গোলে হারের কোনো অজুহাত নেই বলেই সম্ভবত ম্যাচ পরবর্তী সাংবাদিক সম্মেলনে এসে বলে গেলেন, 'এখনই হারের কারণ বলতে পারব না। দেখি ভেবেচিন্তে বলতে হবে।' তিনি ভাবনাচিন্তা যাই করুন না কেন, এদিনের পর চ্যাম্পিয়নশিপ থেকে পুরোপুরি ছিটকে গেল মোহনবাগান। শেষ চার অ্যাওয়ে ম্যাচের মধ্যে অন্তত তিনটে এখন জিততে না পারলে প্রথম চারে থাকাও তাদের পক্ষে কষ্টকর হয়ে উঠবে।

আজকের হারের কারণগুলোর মধ্যে একটা অবশ্যই ম্যাচে খেলোয়াড়দের তাতিয়ে তুলতে না পারা। শংকরলাল মানতে চাইলেন না বটে কিন্তু প্রথমার্ধে তার দলের খেলা দেখে মনে হচ্ছিল জোর করে তাদের মাঠে নামিয়ে দেওয়া হয়েছে। ময়দানে একটা কথা প্রচলিত যে মোহনবাগান-ইস্টবেঙ্গল সবসময় চ্যাম্পিয়নশিপের জন্য খেলে। যদিও বেশ কয়েক বছর হল পরিস্থিতি আর একরকম নেই। অন্য রাজ্যের দলগুলি অনেকটাই দখল করে নিয়েছে দুই প্রধানের জায়গা। তবে ফুটবলারদের মানসিকতায় বোধহয় খুব একটা পরিবর্তন আসেনি। চ্যাম্পিয়নশিপ থেকে ছিটকে গেলে আর ভালো খেলার অনুপ্রেরণা পান না মোহন-ইস্টের ফুটবলাররা। মুখে যাই বলুন না কেন, চেন্নাই সিটি এফসির বিরুদ্ধে ড্র করে তারা যে চ্যাম্পিয়নশিপ থেকে ছিটকে গিয়েছেন তা ভালোই বুঝতে পারছিলেন বাগান ফুটবলাররা। দলে একটাই পরিবর্তন করেছিলেন শংকরলাল চক্রবর্তী। আজহারউদ্দিনের জায়গায় প্রথম একাদশে ঢোকেন শেখ ফৈয়াজ। যদিও তাতে খেলার মানের কোনো উন্নতি হয়নি। মাঝমাঠে ওয়াটসন এবং ডিফেন্সে কিংসলে ছাড়া কারোর মধ্যেই ভালো খেলা বা গোলের কোনো তাগিদ ছিল না। ডিপান্ডা ডিকা এখনও পর্যন্ত সর্বোচ্চ গোলদাতা আই লিগের। এদিন গোল করার পরে তার গোলের সংখ্যা ৯। অথচ প্রয়োজনের সময়ে দলকে জেতাতে তিনি ব্যর্থ। এদিন তাঁকে সারা ম্যাচে মাঠে ভালো করে খুঁজেই পাওয়া গেল না। আক্রম দায়িত্ব নিয়ে ডুবিয়ে দিলেন দলকে। তার থেকে বেশি কেউ গোলের সামনে পৌঁছোয়নি এদিন। অথচ প্রতিটি ক্ষেত্রেই তিনি গোলের সামনে গিয়ে হয় বলে পা ছোঁয়াতে পারেননি বা এমন আলতো একটা শট মেরেছেন যা চলে গিয়েছে গোকুলাম গোলরক্ষক বিলালের হাতে। ৬৩ মিনিটে এমন একটা সুযোগ নষ্ট করলেন যে তাকে দ্রুত তুলে নিতে আর দ্বিধা করেননি শংকরলাল। বাগুইয়ের তোলা বলটা আক্রম পেয়ে যান একেবারে গোলের ৬ গজের মধ্যে। সেখান থেকে যেখানে জাল ছিঁড়ে দেওয়ার কথা সেখানে তিনি বিলালের হাতে মেরে বসলেন। যা তার হাত থেকে আবার ছিটকে এলেও আক্রম ফের পোস্টে মেরে বসেন।

তাই তাঁকে শেষপর্যন্ত বসিয়েই দেন শংকরলাল। বদলি বিমল নেমে আহামরি কিছু না করলেও ডিকার গোলটা করালেন। শিলটন ডি'সিলভার তোলা বল বিমল হেড করে নামিয়ে দিলে ডিকা মাথা ছুঁইয়ে বল গোলে পাঠান। শুধু এই গোলটা করার জন্যই তাকে ম্যাচের সেরা বাছাই করা হল। যা দেওয়া উচিত ছিল গোকুলামের গোলরক্ষক বিলাল বা হেনরিকে। ডিকার গোলের ১ মিনিট আগেই অবশ্য গোল খেয়ে যায় মোহনবাগান। ড্যানিয়েল আডোর ফ্রি-কিক হেনরি নামিয়ে দিলে মাহমুদ আল আজম গোলটা করেন বেশ দর্শনীয় ভঙ্গিতে। এই গোলের আগে ও পরে অবশ্য এই অর্ধে মোহনবাগান খারাপ খেলেনি। কিন্তু ৯২ মিনিটে গোকুলামের জয়ের গোলটা সম্পূর্ণ খেলার গতির বিপরীতে। প্রভাতের থ্রো মুসা নামিয়ে দিলে হেনরি বাঁ-পায়ের সাইড ভলিতে দুর্দান্ত গোল করে এবারের মতো শেষ করে দেন মোহনবাগানের চ্যাম্পিয়ন হওয়ার ক্ষীণ আশাও। আক্রমের গোলটা ছাড়াও হয়তো মোহনবাগান আর একটা গোল পেতে পারত এদিন। ম্যাচের ৩৪ মিনিটে শেখ ফৈয়াজকে শোল্ডার চার্জ করে ফেলে দেওয়ার পরেও পেনাল্টি দিলেন না রেফারি মোসেস রাজ। হয়তো তখন সেটা পেলে এদিন ৩ পয়েন্ট নিয়েই ফিরত মোহনবাগান।

মোহনবাগান ঃ শিলটন, অরিজিৎ, রানা, কিংসলে, রিকি, ফৈয়াজ, রেনিয়ার (সুরচন্দ্র), ওয়াটসন (শিলটন ডি'সিলভা), আক্রম (বিমল) ও ডিকা।

ডিকার গোলও ৩ পয়েন্ট এনে দিতে পারল না মোহনবাগানকে। ছবি ঃ ডি মণ্ডল

৩ পয়েন্ট দাবি সবুজ-মেরুনের

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১২ ফেব্রুয়ারি ঃ ফেডারেশনের কাছে ৩ পয়েন্ট দাবি করল মোহনবাগান। চেন্নাই সিটি এফসি ম্যাচ থেকে ৩ পয়েন্ট চায় তারা। ৭ তারিখ কোয়েম্বাটোরে চেন্নাই সিটি এফসির বিরুদ্ধে ড্র করলেও মোহনবাগান পুরো পয়েন্ট চাইছে রেফারি জ্যাকসন রাউথের ভুল সিদ্ধান্তের জন্য। সোমবার ফেডারেশনকে চিঠি দিয়ে এই দাবি করা হয়েছে ক্লাবের তরফে। যেখানে বলা হয়, এডুইন ভনসুপালকে লাল কার্ড দেখিয়ে বার করে দেওয়া হলেও দু-বার হলুদ কার্ড দেখানো হয়েছিল ৩ নম্বর জার্সিধারী তারিফ আখান্দকে।

নিয়মমাফিক তারিফের লাল কার্ড দেখার কথা থাকলেও তিনি ম্যাচের শেষপর্যন্ত মাঠে ছিলেন। রেফারির ভুল সিদ্ধান্তের জেরে তারিফ মাঠে থাকায় কেন তাদের তিন পয়েন্ট দিয়ে দেওয়া হবে না, এই প্রশ্ন তোলা হয়েছে মোহনবাগানের দেওয়া চিঠিতে। রবিবার এডুইনের উপর থেকে শৃঙ্খলারক্ষা কমিটি শাস্তি তুলে নেওয়ায় তিনি মাঠেও নামেন বলে দেখা গিয়েছে। তাই মোহনবাগানের আবেদনের পরে ব্যাপারটা নিয়ে ফেডারেশন কী সিদ্ধান্ত নেয় সেটাই দেখার।

ছন্দ ধরে রাখতে চান হরমনপ্রীতরা

পোচেস্ট্রুম, ১২ ফেব্রুয়ারি ঃ একদিনের সিরিজের শেষ ম্যাচে হারলেও হয়েছে ইতিহাস। মিতালি রাজের নেতৃত্বে দক্ষিণ আফ্রিকার ঘরের মাঠে তাদের হারিয়ে ওডিআই সিরিজ জিতেছে ভারতীয় মহিলা ক্রিকেট দল। মঙ্গলবার হরমনপ্রীত কৌরের নেতৃত্বে পাঁচ ম্যাচের টি২০ সিরিজেও দুরন্ত ছন্দ অব্যাহত রাখতে চায় ভারত। সিরিজের শেষ ম্যাচে হারের ক্ষত প্রথম টি২০ ম্যাচ জিতে উসুল করতে চাইছে তারা। প্রথম দুটি ওডিআই ম্যাচে বড়ো রান পেলেও শেষ ম্যাচে রান পাননি স্মৃতি মন্ধানা, মিতালি রাজরা। তাই দ্রুত রানের মধ্যে ফিরতে চাইবেন তাঁরা। ওডিআই সিরিজে রানের মধ্যেই রয়েছেন টি২০ দলের অধিনায়িকা হরমনপ্রীত, বেদা কৃষ্ণমূর্তিরা। এদিকে, টি২০ সিরিজে বাড়তি নজর থাকবে ১৭ বছরের নতুন ব্যাটিং সেনসেশন জেমিমা রডরিগেজের দিকে। অনূর্ধ্ব-১৯ স্তরের ম্যাচে ১৬৩ বলে ২০২ রান করেন তিনি। দলে অনুজা পাটিল, রাধা যাদব, উইকেটরক্ষক ব্যাটসম্যান নুজহাত পারভিনের মতো টি২০ স্পেশালিস্টরা রয়েছেন। তৃতীয় একদিনের ম্যাচে না খেললেও বোলিং লাইনের নেতৃত্বে ফিরছেন ঝুলন গোস্বামী।

বৃহত্তর শিলিগুড়ি খুচরা ব্যবসায়ী সমিতি ডোনেশন কাম লাকি কুপন রেজাল্ট

তারিখ ঃ 11/2/2018

1st Prize : 20788, 2nd-22641, 3rd-20038, 4th-16281, 5th-22318, 6th-17973, 7th-17207, 8th-12708, 9th-20568, 17110, 16910.

Consolation : 13168, 21917, 20395, 21987, 20920, 16662, 19023, 18672, 21506, 15756.

DARJEELING PUBLIC SCHOOL
Dabgram, Fulbari, Siliguri
(Affiliated to CBSE; Code-2430156)
Science, Commerce & Humanities
with Boarding and Day Boarding
Admission Open, Session: 2018-19
Class Nursery to IX and XI
Contact : 9064795034 / 7864005237
[Scholarship for 10 CGPA Students]
• Modern Infrastructure
• Progressive Teaching
• Affordable Fees



ক্রিকেট অস্ট্রেলিয়ার বার্ষিক অনুষ্ঠানে সস্ত্রীক ডেভিড ওয়ার্নার।

টেস্টে স্মিথ, ওডিআইয়ে বর্ষসেরা ওয়ার্নার

সিডনি, ১২ ফেব্রুয়ারি ঃ অস্ট্রেলিয়ার বর্ষসেরা একদিনের আন্তর্জাতিক ক্রিকেটার নির্বাচিত হওয়ার দিনেই টি২০ দল থেকে বাদ পড়লেন ডেভিড ওয়ার্নার। তাঁর নেতৃত্বে ইতিমধ্যে ইংল্যান্ড ও নিউজিল্যান্ডের সঙ্গে খেলা ত্রিদেশীয় সিরিজের ফাইনালে উঠেছে অস্ট্রেলিয়া। তবে ওয়ার্নার নিজে রয়েছেন খুব খারাপ ছন্দে। ৩ ইনিংসে মাত্র ১২ রান করেছেন তিনি। নির্বাচকরা জানিয়েছেন, টানা ক্রিকেট থেকে বিরতি দিতেই আগামী টি২০ ত্রিদেশীয় টি২০ সিরিজ থেকে বিশ্রাম দেওয়া হয়েছে ওয়ার্নারকে। কোচ ডারেন লেম্যান বলেছেন, 'পরিবারের সঙ্গে দিনকয়েক কাটানোর ছাড় দেওয়া হচ্ছে ওয়ার্নারকে।' ২০১৯ সালে আসন্ন ক্রিকেট বিশ্বকাপের কথা মাথায় রেখে দেশের সেরা ক্রিকেটারদের বেছে বেছে বিভিন্ন ফর্মাটে ব্যবহার করার ইঙ্গিতও দিয়েছেন লেম্যান। টি২০ থেকে ওয়ার্নারকে বাদ দেওয়া যে লক্ষ্যে তাঁদের প্রথম পদক্ষেপ হিসেবেই মনে করা হচ্ছে। এদিকে, অস্ট্রেলিয়ার বর্ষসেরা টেস্ট খেলোয়াড় নির্বাচিত হয়েছেন স্টিভ স্মিথ। গত মরশুমে ১৯ ইনিংসে ৮১-র উপরে গড় নিয়ে ১৩০৫ রান করেছেন স্মিথ। এই পর্বে ৩ বার অপরাজিত থাকার পাশাপাশি মোট ৬টি শতরান করেছেন তিনি। অস্ট্রেলিয়া দলের বাকি সদস্যের পাশাপাশি সেদেশের আম্পায়ার ও ক্রিকেট সাংবাদিকদের ভোটের ভিত্তিতে সেরাদের বাছা হয়েছে। ৫৭-র উপরে গড়ে মরশুমে রানের পাহাড় খাড়া করে বর্ষসেরা ওডিআই ক্রিকেটার ওয়ার্নার।

কামব্যাকে হার সেরেনার

নর্থ ক্যারোলিনা, ১২ ফেব্রুয়ারি ঃ প্রায় এক বছর পর কোর্টে নেমে হারের মুখ দেখতে হল একদা টেনিস রানি সেরেনা উইলিয়ামসকে। মা হওয়ার পর এই প্রথম সরকারিভাবে কোর্টে নেমেছিলেন সেরেনা। দেশের হয়ে ফেড কাপে ডাবলস ম্যাচ খেলেন দিদি ভেনাসের সঙ্গে জুটি বেঁধে। দুই বোনের জুটি এর আগে ২২টি খেতাব জিতেছে। কিন্তু এদিন প্রথমবার জুটি বেঁধে কোর্টে নামা ডাচ তারকাদ্বয় লেসলি কারখোভ ও ডেমি শুরসের মার্কিন বোনেদের জুটিকে হারায় ৬-২, ৬-৩ পয়েন্টে। যদিও নেদারল্যান্ডকে হারিয়ে ফেড কাপে আমেরিকানরা আগেই টাই জিতে নিয়েছিল।

ধোনির নেতৃত্বে খেলবেন ভেবে উত্তেজিত ওয়াটসন

চেন্নাই, ১২ ফেব্রুয়ারি ঃ আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নিয়েছেন আগেই। কিন্তু ক্রিকেটের প্রতি টান এতটুকু কমেনি। এই টানেই নিজের দেশে বিগ ব্যাশে খেলছেন নিয়মিত। সঙ্গে চমক হিসেবে শেন ওয়াটসন আগামী আইপিএলে চেন্নাই সুপার কিংসের হয়ে মাঠে নামতে চলেছেন। আইপিএলের দুনিয়ায় অসি অলরাউন্ডার শেন ওয়াটসন অত্যন্ত সফল। ২০০৮-১৫, দীর্ঘ সময় তিনি রাজস্থান রয়্যালসের হয়ে খেলেছেন। এবার নিলামে ওয়াটসনকে তুলে নিয়েছে চেন্নাই সুপার কিংস। তাঁর যাবতীয় আগ্রহ এখন সিএসকে-র অধিনায়ক মহেন্দ্র সিং ধোনিকে ঘিরে। চেন্নাই সুপার কিংসের ওয়েবসাইটে ওয়াটসন সাক্ষাৎকার দিয়েছেন। যেখানে ধোনির নেতৃত্বে মাঠে নামতে মুখিয়ে রয়েছেন বলে জানিয়ে ওয়াটসন বলেছেন, 'চেন্নাইয়ের মতো ফ্র্যাঞ্চাইজিতে খেলার সুযোগ পেয়ে আমি গর্বিত। প্রবলভাবে মুখিয়ে রয়েছি ধোনির নেতৃত্বে মাঠে নামার জন্য। ও ভারতের সর্বকালের অন্যতম সফল অধিনায়ক। এবার ধোনির সঙ্গে খেলব ভেবেই উত্তেজিত হয়ে রয়েছি আমি।' রাজস্থানের সঙ্গে চেন্নাইয়ের শত্রুতা আইপিএলের দুনিয়ায় সর্বজনবিদিত। সেই জায়গা থেকে নতুন ফ্র্যাঞ্চাইজিতে যোগ দিয়ে ওয়াটসন বলছেন, 'অতীতের শত্রুতার কারণে চেন্নাই আমাকে নিলামে

মেসির তিনশোয় ড্র বার্সার

বার্সেলোনা, ১২ ফেব্রুয়ারি ঃ ফুটবল রাজপুত্রের তিনশোতম ম্যাচ। সঙ্গে ঘরের মাঠে লা লিগায় গোল করার দুরন্ত রেকর্ড। দুইয়ের যোগফলে গেটাফেকে তারা কয়টা দিতে পারে ম্যাচ শুরু আগে স্প্যানিশ সংবাদমাধ্যম সেই হিসেব কষতেই ব্যস্ত ছিল। যদিও গত সপ্তাহে এস্প্যানিওলের কাছে আটকে যাওয়ার পর রবিবার আর্জেন্টিনার অধিনায়ক লিয়োনেল মেসির তিনশোতম ম্যাচেও গেটাফের বিরুদ্ধে গোলশূন্য ড্র করল বার্সেলোনা। এর ফলে ২০১৬ সালের নভেম্বরের পর লা লিগায় ন্যু ক্যাম্পে গোল করতে ব্যর্থ হল কাতালান ক্লাবটি। ৭৫ হাজার দর্শকের সামনে এদিন শুরুটা অত্যন্ত সাদামাঠা করে বার্সা। প্রথমার্ধে তাদের একটাও শট অন টার্গেটে না থাকা সেটারই প্রমাণ। ৪৫ মিনিটে মেসির ট্রেডমার্ক ফ্রিকিক থেকে উরুগুয়ান স্ট্রাইকার সুয়ারেজ জালে বল রাখলেও সেটা অফসাইডের কারণে বাতিল হয়। উলটে বিরতির পর গেটাফে কিছুটা খেলায় ফিরে আসে। ডানদিক থেকে গাকু শিবাসাকি উঠে নেমে একাধিকবার বার্সার ডিফেন্সে ত্রাসের সঞ্চার করেন।

মাত্র ১০০০ ও ১৮০০ টাকায় ৩০ দিনের ঔষধ (No Extra Charge)
স্বাস্থ্য নিয়ে খেলা করবেন না, কেবল সেরা গুনমানের "সেবা হার্বালের Seal Pack ঔষধ" সেবন করুন, বিজ্ঞ ডাক্তারের পরামর্শে
১০০% গ্যারান্টি প্রথম দিনেই রেজাল্ট বিফলে মূল্য ফেরত।
American Mega লিঙ্গ বর্ধক যন্ত্র-ও জার্মান তেল পাওয়া যায়
কম বয়সের কু-অভ্যাসে যৌন শক্তি কমে গেছে? ভরপুর যৌন শক্তি ফিরে পেতে "যৌবন শক্তি ক্যাপসুল" নিন - মাত্র ২০৫/- টাকা
সহবাসে অক্ষমতা, শীঘ্রপতন, লিঙ্গশিথীলতা, লিঙ্গ/সরু/পাতলা/বাঁকা, ধাতুপাতলা, স্বপ্নদোষ, বন্ধ্যাত্ব, শুক্রাণুস্বল্পতা, পেটের রোগ, হাঁপানি ও অন্যান্য রোগ।
সেবা হারবাল® ISO 9001 : 2008 Certified Clinic (রোগ থেকে মুক্তির শেষ ঠিকানা)
শিলিগুড়ি ঃ পানিট্যাঙ্কি মোড়- 9933545917
মালদা ঃ ৪২০ মোড়- 9735687033
কোচবিহার ঃ হোটেল বসুন্ধরার বিপরীতে (দোতলায়) 9735687044

সম্পাদক ঃ **সব্যসাচী তালুকদার। স্বত্বাধিকারী মঞ্জুশ্রী তালুকদারের পক্ষে সঞ্জীব তালুকদার** কর্তৃক সুহাসচন্দ্র তালুকদার সরণি, বাগরাকোট, সুভাষপল্লি, শিলিগুড়ি থেকে প্রকাশিত ও বাড়িভাসা, জলেশ্বরী- ৭৩৫১৩৫ থেকে মুদ্রিত। কলকাতা অফিস ঃ ৭ ওল্ড কোর্ট হাউস স্ট্রিট, কলকাতা-৭০০০০১, ফোন ঃ ২২৪৩-৫৬৬৩, ২২১০-১৮২০/১২০১, ফ্যাক্স ঃ ০৩৩-২২৪৩-৫৬১৮, ২৪১৯২৩৫৮। জলপাইগুড়ি অফিস ঃ ডিবিসি রোড, নতুনপাড়া, জলপাইগুড়ি-৭৩৫১০১, ফোন ঃ ০৩৫৬১-২২৪২১৪, ২৩১৬৪৪। কোচবিহার অফিস ঃ দেবীবাড়ি, নতুনপাড়া, কোচবিহার-৭৩৬১০১, ফোন ঃ ০৩৫৮২-২২৬৪৩৩। আলিপুরদুয়ার অফিস ঃ এনবিএসটিসি ডিপোর পাশে, আলিপুরদুয়ার কোর্ট, আলিপুরদুয়ার-৭৩৬১২২, ফোন ঃ ০৩৫৬৪-২৫৯৪০১। মালদা অফিস ঃ মিউনিসিপ্যাল মার্কেট কমপ্লেক্স, তৃতীয় তল, সরযূপ্রসাদ রোড, নেতাজি মোড়, মালদা-৭৩২১০১, হোয়াটসঅ্যাপ ঃ ৮৫৮৪৮৮৩২৫৯, ফোন ঃ ০৩৫১২-২২১৬৯৩ (সংবাদ), ২২১৬৯৬ (বিজ্ঞাপন ও অফিস), ফ্যাক্স ঃ ২২১৬৯৪। শিলিগুড়ি ফোন ঃ সম্পাদক ও প্রকাশক ঃ ২৪৩৬২৫১, জেনারেল ম্যানেজার ঃ ২৪৩৫৯০৩, বিজ্ঞাপন ঃ ২৫২৪৭২২, সার্কুলেশন ঃ ২৫২৬৬৩৫, অফিস ঃ ২৫২৯৬৬১, ২৫২৬৯৯৯ ও ৯৫৬৪৫৪৬৮৬৮, নিউজ ঃ ৭৮৭২৯৩৩৮৮৮, রিপোর্টিং ঃ ২৫২০০০৩, হোয়াটসঅ্যাপ ঃ ৯৭৩৫৭৩৯৬৭৭। ফ্যাক্স ঃ ০৩৫৩-২৪৩৪৪৪৫ / ২৫২৯৬৬০। Registration No. RN/35012/80 and Postal Reg. No. WB/NBSR/D-03/2003-08, E. Mail : uttarbanga@hotmail.com uttarbanga@yahoo.com uttarmail2014@gmail.com uttarbanga@indiatimes.com Website : http://www.uttarbangasambad.in